



ভর্তি

বিএসএমএমইউতে নার্সিংয়ে মাস্টার্সে ভর্তি, অনলাইনে আবেদন, ফি ২০০০

নিজস্ব প্রতিবেদক ঢাকা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) অধীন মাস্টার্স অব সায়েন্স ইন নার্সিং প্রোগ্রামে ভর্তিতে আবেদন আহ্বান করা হয়েছে। আজ বুধবার থেকে শুরু হচ্ছে অনলাইনে আবেদন। আগ্রহী শিক্ষার্থীরা ২০ জুন পর্যন্ত আবেদন করতে পারবেন। মাস্টার্স অব সায়েন্স ইন নার্সিংয়ের ভর্তিতে আবেদন ফি ২০০০ টাকা। বিশ্ববিদ্যালয়ের এক [বিজ্ঞপ্তিতে](#) এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ১০টি ডিসিপ্লিন এবং অধিভুক্ত ন্যাশনাল ইনস্টিটিউট অব অ্যাডভান্স নার্সিং এডুকেশন অ্যান্ড রিসার্চে ৬টি ডিসিপ্লিনে মাস্টার্স ইন নার্সিং প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

বাংলাদেশ নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) অনুমোদিত প্রতিষ্ঠান থেকে নার্সিং/পাবলিক হেলথ নার্সিংয়ে ব্যাচেলর ইন সায়েন্স ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। এর মধ্যে বিএসএমএমইউয়ের ডিসিপ্লিনগুলো হচ্ছে কার্ডিও-থোরাসিক নার্সিং, নিউরোসায়েন্স নার্সিং, অর্থপেডিক অ্যান্ড ট্রমা নার্সিং, অপথালমিক নার্সিং, ইনটেনসিভ কেয়ার নার্সিং, নেফ্রো-ইউরোলজি নার্সিং, চাইল্ড হেলথ নার্সিং, মেন্টাল হেলথ অ্যান্ড সাইকিয়াট্রিক নার্সিং, উইমেন'স হেলথ অ্যান্ড মিডওয়াইফারি নার্সিং এবং কমিউনিটি হেলথ নার্সিং। অন্যদিকে ন্যাশনাল ইনস্টিটিউট অব অ্যাডভান্স নার্সিং এডুকেশন অ্যান্ড রিসার্চের ডিসিপ্লিনগুলো হচ্ছে অ্যাডাল্ট অ্যান্ড এলডারলি হেলথ নার্সিং, উইমেন'স হেলথ অ্যান্ড মিডওয়াইফারি নার্সিং, চাইল্ড হেলথ নার্সিং, মেন্টাল হেলথ অ্যান্ড সাইকিয়াট্রিক নার্সিং, কমিউনিটি হেলথ নার্সিং এবং নার্সিং ম্যানেজমেন্ট।

ভর্তির যোগ্যতা—

- *বাংলাদেশ নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) অনুমোদিত প্রতিষ্ঠান থেকে নার্সিং/পাবলিক হেলথ নার্সিংয়ে ব্যাচেলর ইন সায়েন্স ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে পারবেন এ মাস্টার্স প্রোগ্রামে
- *রেজিস্টার্ড নার্স হিসেবে অন্তত দুই বছরের ক্লিনিক্যাল এক্সপিরিয়েন্স সার্টিফিকেট থাকতে হবে
- *একই সঙ্গে বিএনএমসি কর্তৃক স্থায়ী রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মেয়াদ অন্তত আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত থাকতে হবে
- *৩০ মের মধ্যে সর্বোচ্চ গ্রহণযোগ্য বয়স ৪৫ বছর।

গুরুত্বপূর্ণ তারিখ—

- * আগ্রহী প্রার্থীদের আগামী ১৯ জুনের মধ্যে ব্যাংক ড্রাফট করতে হবে
- * ২০ জুন পর্যন্ত আবেদন করা যাবে

By using this site, you agree to our Privacy Policy.

* প্রবেশপত্র ডাউনলোড ২২ থেকে ২৯ জুনের মধ্যে।

পরীক্ষা কবে—

আগামী ২৯ জুন সকাল ১০টা থেকে বেলা ১১টা ৩০ পর্যন্ত বিএসএমএমইউ ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো